



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

www.barisalboard.gov.bd



স্মারক নং-বশিবো/মাধ্য/পনি/২০২০/২৩৩

তারিখঃ ৩০/০৫/২০২০ খ্রি.

২০২০ সালের এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের বিজ্ঞপ্তি

২৮/০৫/২০২০ তারিখের আশিবো /২০১০/৩১ নং স্মারক মোতাবেক সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২০ সালের এসএসসি পরীক্ষার ফলাফল আগামী ৩১ মে, ২০২০ তারিখ রোজ রবিবার বেলা ১২:০০ টায় প্রকাশ করা হবে। ০১/০৬/২০২০ তারিখ সকাল ১০:০০ টায় নিম্নে বর্ণিত যে কোন পদ্ধতিতে স্ব স্ব প্রতিষ্ঠানের Result sheet download করা যাবে।

১। বরিশাল শিক্ষাবোর্ডের ওয়েবসাইট www.barisalboard.gov.bd এ Result কর্ণার-এ ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের EIIN এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

২। www.educationboard.gov.bd ওয়েবসাইটে Result কর্ণার এ ক্লিক করে বোর্ড ও প্রতিষ্ঠানের EIIN এর মাধ্যমে প্রতিষ্ঠানভিত্তিক Result sheet download করা যাবে।

৩। পরীক্ষার্থীরা ৩১/০৫/২০২০ তারিখ বেলা ১২:০০ টায় এসএমএস এবং বরিশাল বোর্ডের ওয়েবসাইট এর মাধ্যমে ফলাফল জানতে পারবে।

৪। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ জনিত বিশেষ পরিস্থিতির কারণে ২০২০ সালের এসএসসি পরীক্ষার ফলাফলের পরিসংখ্যান বই বোর্ড থেকে এ বছর সাংবাদিকদের মাঝে বিতরণ করা হবে না। তবে পরীক্ষার ফলাফলের পরিসংখ্যান বই ১২:০০ টার সময় বরিশাল প্রেসক্লাবে পৌঁছে দেয়া হবে। এ ছাড়াও বরিশাল বোর্ডের ওয়েবসাইটে এসএসসি কর্ণারে ফলাফলের পরিসংখ্যান দেয়া থাকবে।

৫। পুনঃনিরীক্ষণের জন্য এসএমএস এর মাধ্যমে ০১/০৬/২০২০ তারিখ থেকে ০৭/০৬/২০২০ তারিখ পর্যন্ত আবেদন গ্রহণ করা হবে।

বিঃদ্র:- সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী কর্মকর্তার ই-মেইলে কেন্দ্র/প্রতিষ্ঠানের Result sheet (soft copy) পাওয়া যাবে। প্রয়োজনবোধে সংশ্লিষ্ট জেলা প্রশাসক/ উপজেলা নির্বাহী কর্মকর্তার দপ্তর থেকে ফলাফলের হার্ডকপি সংগ্রহ করা যাবে। বোর্ড থেকে ফলাফল জানা যাবে না এবং ফলাফলের হার্ডকপি সরবরাহ করা হবে না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


৩০.০৫.২০২০

অরুণ কুমার গাইন

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

ফোন অফিসঃ ০৪৩১-৬৪০৮৫

ইমেইল barisalboard@gmail.com

কেন্দ্রসচিব/প্রতিষ্ঠান প্রধান

এ বোর্ডের আওতাধীন সকল কেন্দ্র ও শিক্ষা প্রতিষ্ঠান